# মধুখালী পৌরসভা কার্যালয়
উপজেলা ঃ মধুখালী, জেলা ঃ ফরিদপুর।
www.Mahukhalipourashava.gov.bd
ফোন ঃ (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স ঃ (০৬৩২৬) ৫৬০০৭


উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ১২/০৪/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার কার্য- বিবরণী।

১২/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ বুধবার দুপুর- ২.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্য- বিবরণী।

**উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

১। জনাব রেশমা আক্তার
২। জনাব নাজমা সুলতানা
৩। জনাব রেশমা আক্তার
৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
৫। জনাব মির্জা আবু জাফর
৬। জনাব মির্জা আব্বাস হোসেন
৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
৯। জনাব কবির মন্ডল
১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
১১। জনাব মোঃ মোশারফ হোসেন
১২। জনাব মোঃ কামরুজ্জামান

**উপস্থিত কর্মকর্তাগন ঃ**

১। জনাব মোঃ হেমায়েত হোসেন
২। জনাব মোঃ গোলাম আজম

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এবং পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভাকে সভা পরিচালনার দায়িত্ব দেন।

### আলোচনা

**আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।**

বিগত সভার কার্য- বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী- ০২ ঃ আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ ইং উপলক্ষে ভি জি এফ এর তালিকা প্রনয়ন প্রসঙ্গে।**

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা,পৌরসভা সভাকে অবহিত করেন যে,আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর/২০২৩ ইং উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়,ফরিদপুর এর স্মারক নং- ৫১.০১.২৯০০.০০০.৪১.০৫৭.২২.৪৫৫; তারিখ-০২/০৪/২০২৩ ইং তারিখের পত্রখানা পাঠ করিয়া শুনান। বিষয়টির উপর সিদ্ধান্ত গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ জানান।

CS CamScanner

Mirza M
Manager

এ বিষয়ে ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর বলেন যে, পূর্বের ন্যায় এবার ও কার্ড বিভাজনের সিদ্ধান্ত গ্রহনের জন্য সুপারিশ করেন।

উপস্থিত অন্যান্য কাউন্সিলরবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, নিম্নবর্নিত সুপারিশসমূহ গৃহীত হলো।

১। প্রতি ওয়ার্ডে ১২৫ জনের নামের তালিকা কাউন্সিলরের মাধ্যমে প্রনয়নের সুপারিশ করেন।

২। সংরক্ষিত আসনের কাউন্সিলরবৃন্দ কর্তৃক ০৩ ওয়ার্ড মিলে ১২৫ জনের তালিকা প্রনয়নের মাধ্যমে সুপারিশ করেন।

৩। অবশিষ্ট কার্ডের তালিকা মেয়র মহোদয়ের মাধ্যমে প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৩ ঃ RUTDP প্রকল্পের ট্রপোগ্রাফি সার্ভে সম্পন্ন করন প্রসঙ্গে।

এ বিষয়ে সহকারী প্রকৌশলী পৌরসভা সভাকে অবহিত করেন যে, RUTDP এর স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৪.১৪.০৪.২৩-৩০ (৮০) তাং-২৭-০৩-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মধুখালী পৌরসভার নির্বাচিত সাব প্রজেক্ট সমূহ Readiness এর লক্ষ্যে T0pography Servey, Condition Servey,And Level Servey সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উক্ত সার্ভে সমূহ সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক পৌরসভার প্রাথমিকভাবে নির্বাচিত ঢাকা-খুলনা মহা-সড়ক থেকে শুরু করে মোহন বাজার , গোপালপুর, আলামপুর হয়ে ঢাকা-খুলনা মহা-সড়ক পর্যন্ত আনুমানিক ৭/৮ কিঃমিঃ সড়কটি এম আর সয়েল এন্ড সার্ভে ফাউন্ডেশন প্রতিষ্ঠানের মাধ্যমে সার্ভে সম্পন্ন করার কাজ চলমান রয়েছে। উল্লেখ্য যে, বর্নিত সার্ভেসমূহ সম্পন্ন করার কারিগরি যন্ত্রপাতি পৌরসভায় না থাকায় জরুরী প্রয়োজনে বাজার দর যাচাই পূর্বক সর্বনিম্ন দর প্রতি কিঃ মিঃ ১০,০০০/= টাকা দর উক্ত প্রতিষ্ঠানকে দিয়ে কাজ করানো হচ্ছে।

আরোও উল্লেখ্য যে, RUTDP এর আওতায় প্রস্তাবিত সকল সড়ক ও ড্রেন পরবর্তীতে উক্ত সার্ভেসমূহ সম্পন্ন করা প্রয়োজন বলে তিনি তার বক্তব্যে শেষ করেন।

এ বিষয়ে ০৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন বলেন যে, RUTDP প্রকল্প বাস্তবায়ন করতে হলে সার্ভে রিপোর্ট প্রদান আবশ্যিক বিধায় সমগ্র পৌর এলাকার রাস্তা ও ড্রেনগুলি উক্ত দরে পৌরসভার রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করে বাস্তবায়ন করার প্রস্তাব করেন।

উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ একমত পোষন করে প্রকল্পের নীতিমালা অনুযায়ী আনুসঙ্গিক যাবতীয় কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে,নিম্নবর্নিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো।

(ক) প্রাথমিকভাবে নির্বাচিত সড়কটির সার্ভে সম্পন্ন করে যথাসময়ের মধ্যে প্রকল্প অফিসে প্রতিবেদনের সিদ্ধান্ত গ্রহীত হলো।

(খ) চলমান সার্ভে ও সমগ্র পৌর এলাকার সার্ভে সম্পন্নের ব্যয় পৌরসভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) সার্ভে সংক্রান্ত কাজের ব্যয়সমূহ পৌরসভার চলতি অর্থ বৎসরের সংশোধিত বাজেট সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) সার্ভে সম্পন্নের কাজ দ্রুততম সময়ে বাস্তবায়নের জন্য পৌরসভার সহকারী প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।

CS CamScanner

আলোচ্যসূচী-৪
আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ইং উদযাপন উপলক্ষে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান পরিচালনা প্রসঙ্গে।

এ বিষয়ে অত্র পৌরসভার ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন বলেন যে, প্রতি বছরের ন্যায় এবারও আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ উদযাপনের লক্ষ্যে পৌরসভার কেন্দ্রীয় ঈদগাহ ময়দান , প্রধাণ প্রধান সড়ক, ড্রেন ও হাট বাজার সমূহ বিশেষ অভিযানের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, ঈদগাহসমূহ সমগ্র পৌর এলাকা ঈদ-উল ফিতর-২০২৩ ইং এর পূর্বে বিশেষভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী -৫ বিবিধ (ক) আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ইং উদযাপন উপলক্ষে সড়কে বাতি সচল রাখা প্রসঙ্গেঃ

এ বিষয়ে ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর বলেন পৌর এলাকার বিভিন্ন জায়গার লাইটগুলি বিকল হয়ে আছে বা কোন কোন খুটিতে বৈদ্যুতিক বাতি নাই। যা ঈদের পূর্বেই সচল রাখা প্রয়োজন।

এ বিষয়ে ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোসাঃ রেহেনা পারভীন বলেন যে, পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ ইং উপলক্ষে লোকজন দেশে ফেরায় শহরের জনসমাগম ও চলাফেরা বেড়ে যাওয়ায় বিধায় শহর পরিষ্কার পরিচ্ছন্ন ও আলোকিত করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, পৌরসভার যেসকল লাইট বিকল অবস্থায় আছে এবং যেসকল এলাকায় লাইট নাই। ঈদের পূর্বেই ঐসকল এলাকায় সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ডেঙ্গু মশা নিধন প্রসঙ্গে প্রসঙ্গেঃ

এ বিষয়ে ০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব এ এইচ এম তৌফিক শরাফী সেতু বলেন যে, আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর-২০২৩ইং উদযাপনের লক্ষ্যে শহরের মানুষ পরিবার নিয়ে দেশে আশায় ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে । তাই তিনি ঈদের পূর্বে সমগ্র পৌর এলাকায় ফগার মেশিনের সাহায্যে ঔষুধ ছিটানোর প্রস্তাব করেন।

তার বক্তব্যের সাথে উপস্থিত অন্যান্য কাউন্সিলরবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, ঈদের পূর্বে সমগ্র পৌর এলাকায় ফগার মেশিনের সাহায্যে ঔষুধ ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
১১/০৪/২৩

CamScanner

স্মারক নং-মধুঃ/পৌরঃ/২০২৩/ ৩৩৪/১৮(১)                                   তারিখঃ-১২/০৪/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

০১। সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২.৪.২৩

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

১২/০৪/২৩

২। অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে পেরণ করা হলো।

জনাব ....................................
কাউন্সিলর, ওয়ার্ড নং--------------
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

CamScanner